দৈনিক
ইনকিলাব

তারিখ 18 AUG 2007
পৃষ্ঠা ১২ কলাম ৫

দেশের ৩২৬ উপজেলায় বেসরকারী মডেল স্কুল প্রতিষ্ঠার প্রক্রিয়া শুরু

স্টাফ রিপোর্টার

দেশের মানসম্মত স্কুলগুলোর ওপর শিক্ষার্থীদের অস্বাভাবিক ভর্তির চাপ কমাতে এবং উপজেলা পর্যায়ে মানসম্মত শিক্ষার মডেল ছড়িয়ে দিতে সরকার ৩২৬টি উপজেলায় বেসরকারী মডেল স্কুল প্রতিষ্ঠার পরিকল্পনা নিয়েছে। আগামী দুই বছরের মধ্যে ২১০টি স্কুল প্রতিষ্ঠা করা হবে। চলতি শিক্ষাবর্ষের মধ্যেই ৬০টি উপজেলায় মডেল স্কুল প্রতিষ্ঠার পৃঃ ২ঃ কঃ ৩

দেশের ৩২৬ উপজেলায়

১২-এর পৃষ্ঠার পর

প্রক্রিয়া শুরু হয়েছে। এসব প্রতিষ্ঠানে আগামী শিক্ষাবর্ষ থেকেই শিক্ষার্থী ভর্তি শুরু হবে। যেসব উপজেলায় মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান নেই সেসব উপজেলাতেই প্রথম পর্যায়ের এই মডেল স্কুল প্রতিষ্ঠা করা হবে। গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন শিক্ষা সচিব মোমতাজুল ইসলাম।

জানা যায়, উপজেলা সদরের দুই কিলোমিটারের মধ্যে অবস্থিত কোন একটি বেসরকারী স্কুলকে মডেল স্কুল হিসেবে রূপান্তর করা হবে। শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব জমি থাকতে হবে। স্কুলটি অবশ্যই সহশিক্ষা অথবা বালক বিদ্যালয় হতে হবে। কোন উপজেলায় একাধিক মানসম্মত স্কুল থাকলে তখন আরো কয়েকটি বিষয় বিবেচনায় এনে স্কুল নির্ধারণের কাজ সম্পন্ন করা হবে। এক্ষেত্রে এসব বিদ্যালয়ের তিন বছরের পাবলিক পরীক্ষার সাফল্যের গড়, স্কুলের নিজস্ব জমির পরিমাণ কোন স্কুলের কত তা হিসাবে আনা হবে। কোন স্কুলের শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা অন্যটির চেয়ে এগিয়ে থাকলে তা বিবেচনায় আনা হবে। এছাড়া শিক্ষার্থীদের আধিক্যের বিষয়টিও বিবেচনায় আনা হবে। উপজেলার চাহিদা অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তির সুযোগ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন করা হবে। প্রয়োজন অনুযায়ী নতুন শিক্ষক নিয়োগ দেয়া হবে। চলতি বছরের ডিসেম্বর মাসের আগেই বাছাইকৃত মডেল স্কুলের রূপান্তরের কাজ সম্পন্ন করা হবে। আগামী শিক্ষাবর্ষ থেকেই এই মডেল স্কুলে শিক্ষার্থী ভর্তি করা হবে। মাধ্যমিক স্তরের এসব মডেল স্কুলের ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পরীক্ষা নেয়া হবে। বর্তমানে যারা এসব স্কুলে পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত তাদেরও ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হতে হবে।

মডেল স্কুল বাছাইয়ের ক্ষেত্রে প্রথমত স্কুলের লেখাপড়ার মানের বিষয়টি উপজেলা সদরের মধ্যে সেরার স্বীকৃতি থাকতে হবে। দ্বিতীয়ত এই প্রতিষ্ঠানের জনবল কাঠামো অনুযায়ী সব শিক্ষকের এমপিওভুক্তি (মাসভিত্তিক পেমেন্ট অর্ডার) থাকতে হবে।